



ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্য বিবরণী

৯নং রানাগাছা ইউনিয়ন পরিষদ

জামালপুর সদর, জামালপুর।

সভাপতিঃ জনাব আলহাজ্ব মোঃ আব্দুল জলিল
চেয়ারম্যান, ৯নং রানাগাছা ইউনিয়ন পরিষদ,
জামালপুর সদর, জামালপুর।
সভার স্থানঃ ইউনিয়ন পরিষদ হলরুম

তারিখ : ২৫/০৪/২০২১ইং


সময়ঃ বেলা ১১ঃ০০ ঘটিকা

সভায় উপস্থিতি সদস্যদের হাজিরা খাতা দৃষ্টব্য :

সভায় জনাব সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানাইয়া সভার কার্যক্রম শুরু করার জন্য ইউপি সচিব জনাব মোঃ ফজলুল করিম সাহেবকে নির্দেশ প্রদান করেন। সচিব সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানাইয়া সভার কার্যক্রম আরম্ভ করেন। শুরুতেই সচিব সাহেব উন্নয়ন মূলক বিভিন্ন প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন বিষয়ে দিক নির্দেশনা মূলক আলোচনা করেন। পরিষদের সকল কাজে সকল বিভাগ থেকে পরামর্শ ও সহযোগিতা করে স্থানীয় সরকার বিভাগের এবং বাংলাদেশ সরকারের অংশিদারিত্ব মূলক প্রকৃত্যাকে অরামিত করার জন্য অনুরোধ করেন। প্রস্তাবটি সর্ব সম্মতি ক্রমে গৃহিত হইল। আলোচনা- পর্যালোচনা শেষে নিম্নে উল্লেখিত পরামর্শ মূলক বিষয় গুলো বাস্তবায়নের জন্য গ্রহন করা হইল।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচ্য মন্তব্য	গৃহিত সিদ্ধান্ত
০১	পরিবার পরিকল্পনা কার্যক্রম প্রসঙ্গে।	জনাব সাজেদুল ইসলাম, এফ পি আই, রানাগাছা ইউপি সাহেব, উপস্থাপন করেন যে, অত্র ইউনিয়নের জনসাধারণ পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতি সম্পর্কে যানা সতেও তাহারা তাহা ব্যবহার করতে অনিচ্ছা প্রকাশ করছে। ফলে জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এই বিষয়ে জন সচেতনতা বৃদ্ধি করার ব্যবস্থা করা হোক।	সভাপতি সাহেব জানান যে, উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য সকল ওয়ার্ড সদস্যদের নির্দেশ প্রদান করা হইবে।
০২	জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রসঙ্গে।	জনাব মোঃ ফজলুল করিম ইউপি সচিব সাহেব উপস্থাপন করেন জন্ম ও মৃত্যু নিবন্ধনের সনদ কিছু অসাধু কম্পিউটার ব্যবসায়ী স্ক্যান মেশিনের সাহায্যে স্ক্যান করে জন্ম তারিখ পরিবর্তন করে উক্ত সনদ বিভিন্ন কাজে ব্যবহার করছে যাহা সরকারী আইনের পরিপন্থী। উক্ত বিষয়ে কার্যকরি ব্যবস্থা গ্রহন করার জন্য কার্যকরি ব্যবস্থা গ্রহন করার জন্য সভাপতি সাহেবকে বিশেষ ভাবে অনুরোধ জানানো হইল।	এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহন করা হবে বলে সভাপতি সাহেব উপস্থিত সকলকে জানান। কে বা কাহারা এই ব্যবসা করে তাহার তথ্য উদঘাটন করার জন্য সকল ইউপি সদস্য ও সকল গ্রাম পুলিশদের নির্দেশ দেয়া হয়।
০৩	বাল্য বিবাহ ও শিশু শ্রম নিরোধ প্রসঙ্গে।	জনাব মোঃ আনোয়ার হোসেন, ইউপি সদস্য সাহেব প্রস্তাব করেন যে, অত্র রানাগাছা ইউনিয়ন এলাকায় এখনও বাল্য বিবাহ হওয়ার প্রবনতা দেখা যাচ্ছে যাহা সরকারী আইনের পরিপন্থী। এই বিষয়ে সামাজিক সচেতনতা গড়ে তুলতে হবে। অভিভাবক ও পাত্র পাত্রীদেরকেও সচেতন করার ব্যবস্থা গ্রহন করতে হবে। কাজী সাহেবগণ জন্ম নিবন্ধন সনদের মূল কপি দেখে এবং সত্যায়িত ফটোকপি গ্রহন করে বিবাহ রেজিস্ট্রি কার্য সম্পাদন করেন তার জন্য নিকাহ রেজিস্ট্রার সাহেবদের নির্দেশ প্রদান করার ব্যবস্থা করা হোক। এর ফলে স্ক্যান করা সনদের ব্যবহার বন্ধ হয়ে যাবে।	কাজী সাহেবগণ জন্ম নিবন্ধন সনদের মূল কপি দেখে এবং সত্যায়িত ফটোকপি গ্রহন করে বিবাহ রেজিস্ট্রি কার্য সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হইল। কাজী সাহেব উক্ত নির্দেশ মোতাবেক কার্য সম্পাদন করবেন। বলে মতামত পেশ করেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়া সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।


আলহাজ্ব মোঃ আব্দুল জলিল
চেয়ারম্যান
০৯নং রানাগাছা ইউনিয়ন পরিষদ
জামালপুর সদর, জামালপুর।